দৈনিক বাংলা

তারিখ 14 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 1

ঢাকা ও যশোরে বহিষ্কার ৫৫০

# এইচএসসি: মাগুরায় সংঘর্ষ গুলি ভাঙচুর ৩ জন আহত

(স্টাফ রিপোর্টার)

বুধবার এইচএসসি-র ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষার দিন অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা ও যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৫৫০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মাগুরা জেলার শালিকার বুনাগাছী কেন্দ্রে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে শালিকা থানার ওসিসহ ৩ জন আহত হন। পুলিশ হাঙ্গামা থামাতে ৭ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে।

নকলে সহায়তার অভিযোগে মাগুরায় ৩ জন এবং মানিকগঞ্জে ১ জন পরিদর্শক অধ্যাপককে বহিষ্কার করা হয়েছে। অপ্রীতিকর

(৫-এর পৃঃ দ্রঃ)

## এইচএসসি

(১-এর পৃঃ পর)

ঘটনার জন্যে ৫ জনকে গ্রেফতার করা হয়।

ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম জানায়: রাজধানী ঢাকার ৩টি কেন্দ্র থেকে ৪৩ জনকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়। এর মধ্যে জগন্নাথ কলেজ কেন্দ্রের ৩৩ জন, ঢাকা কলেজ কেন্দ্রের ৭ জন এবং সরকারী বিজ্ঞান কলেজ কেন্দ্রের ৩ জন পরীক্ষার্থী রয়েছে। ঢাকা বোর্ডের ২৫টি কেন্দ্র থেকে সর্বমোট ২৯২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

যশোর থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান: যশোর বোর্ডের ২৬টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ২৫৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

মাগুরা জেলার শালিকার বুনাগাছী কেন্দ্রে নকল সরবরাহকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। পুলিশ জানায়: বুনাগাছী কেন্দ্র থেকে ২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার পর নকল সরবরাহকারীরা হাঙ্গামার সৃষ্টি করে। হামলাকারীরা উপজেলা পরিষদের গাড়িসহ ডিসি, এডিসি ও এএসপি-র গাড়ির ক্ষতিসাধন করে। এ ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে ২ জন পরীক্ষার্থী। বুনাগাছীর শিক্ষকদের আবাসিক এলাকায় একদল বহিরাগত গত মঙ্গলবার রাতে বোমা বিস্ফোরণ ঘটায়।